গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় অধিশাখা
www.plandiv.gov.bd

সিনিয়র সিষ্টেম এনালিষ্ট এর দপ্তর
পরিকল্পনা বিভাগ
ডাইরী নং ... তারিখঃ ...
সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল
প্রোগ্রামার
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
সহকারী প্রোগ্রামার-১
সহকারী প্রোগ্রামার-২
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
ব্যক্তিগত কর্মকর্তা

মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভার তারিখ ও সময়ঃ ১৩ মে, ২০১৮ খ্রিঃ, সকাল ১০:৩০ ঘটিকা

স্থানঃ সম্মেলন কক্ষ (ব্লক নং- ১০, কক্ষ নং- ০৩), পরিকল্পনা বিভাগ।

সভাপতিঃ মোঃ জিয়াউল ইসলাম, সচিব
পরিকল্পনা বিভাগ।

১.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-ক।

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (সমন্বয়) বিগত ১৬-০৪-২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করেন। কার্যবিবরণীর কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে গৃহীত হয়। অতঃপর কার্যপত্র অনুসারে বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৩.১ পরিকল্পনা কমিশনের বিভিন্ন সেক্টর/বিভাগের অননুমোদিত প্রকল্প প্রক্রিয়াকরণের মাসিক প্রতিবেদন, (এপ্রিল, ২০১৮ মাসের) অননুমোদিত প্রকল্প প্রক্রিয়াকরণের মাসিক প্রতিবেদন ছক-'ক':

সেক্টর/বিভাগ	গত মাসের জের		চলতি মাসে প্রাপ্ত		চলতি মাসে পিইসি/এসপিইসি হয়েছে		চলতি মাসে প্রক্রিয়াকরণ সম্পন্ন		মাস শেষে অবশিষ্ট	
	নতুন অননুমোদিত প্রকল্প	সংশোধিত অননুমোদিত প্রকল্প	নতুন অননুমোদিত প্রকল্প	সংশোধিত অননুমোদিত প্রকল্প	নতুন অননুমোদিত প্রকল্প	সংশোধিত অননুমোদিত প্রকল্প	নতুন অননুমোদিত প্রকল্প	সংশোধিত অননুমোদিত প্রকল্প	নতুন অননুমোদিত প্রকল্প	সংশোধিত অননুমোদিত প্রকল্প
ভৌত অবকাঠামো বিভাগ	২৩	০৯	২৯	০৬	২০	০৪	৩৫	০৭	২১	০৪
কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ	৪৮	০৯	০৮	১০	১০	০৩	১০	০৩	৪৯	১৩
আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ	১১	১০	৩১	১১	০৯	০৬	২১	১৩	২১	০৮
শিল্প ও শক্তি বিভাগ	১৭	০৮	১১	০৭	০৮	০২	১৩	০৭	১৫	০৮
মোটঃ	৯৯	৩৬	৭৯	৩৪	৪৭	১৫	৭৯	৩০	১০৬	৩৩

৩.২. ২০১৭-১৮ আরএডিপিতে অন্তর্ভুক্ত অননুমোদিত নতুন প্রকল্প দলিল প্রক্রিয়াকরণ ছক- 'খ':

সেক্টর/বিভাগ	২০১৭-১৮ আরএডিপিতে অন্তর্ভুক্ত অননুমোদিত প্রকল্পের সংখ্যা	২০১৭-১৮ আরএডিপি তে অন্তর্ভুক্ত প্রকল্পের মধ্যে এ পর্যন্ত অনুমোদিত প্রকল্প সংখ্যা		অন্তর্ভুক্ত নতুন প্রকল্প			চলতি মাসে প্রক্রিয়াকরণ (এপ্রিল, ২০১৮ মাসের)				
		একনেক কর্তৃক	মন্ত্রী মহোদয় কর্তৃক	গত মাসের জের	চলতি মাসে প্রাপ্ত	চলতি মাসে পিইসি/এসপিইসি সম্পন্ন	ইআরডিতে প্রেরণ	মন্ত্রণালয়ে প্রেরণ	একনেকে প্রেরণ	মন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদন	মোট
ভৌত অবকাঠামো বিভাগ	৪৮২	৭৬	২৩	১৬	২০	০৪	০০	২৩	১৫	০৪	৪২
কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ	২৩৯	২৪	১০	৪৮	১০	১০	০০	১১	০৩	০২	১৬
আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ	২৮৮	৩৪	৪৩	১০	২৬	০৮	০০	১১	০০	০৯	২০
শিল্প ও শক্তি বিভাগ	৭৪	০৫	০১	১০	০৭	০৬	০০	০৭	০৩	০১	১১
মোটঃ	১০৮৩	১৩৯	৭৭	৮৪	৬৩	২৮	০০	৫২	২১	১৬	৮৯

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৩.৩ ২০১৭-১৮ আরএডিপিতে অন্তর্ভুক্ত অননুমোদিত নতুন প্রকল্প বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে দলিল প্রক্রিয়াকরণ ছক- 'গ':

সেক্টর/বিভাগ	২০১৭-১৮ আরএডিপিতে অন্তর্ভুক্ত অননুমোদিত প্রকল্পের (বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে) সংখ্যা	২০১৭-১৮ আরএডিপিতে অন্তর্ভুক্ত (বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে) প্রকল্পের মধ্যে এ পর্যন্ত অনুমোদিত প্রকল্প সংখ্যা		আরএডিপিতে অন্তর্ভুক্ত নতুন অননুমোদিত প্রকল্প (বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে)			চলতি মাসে প্রক্রিয়াকরণ (এপ্রিল, ২০১৮ মাসের)				
		একনেক কর্তৃক	মন্ত্রী মহোদয় কর্তৃক	গত মাসের জের	চলতি মাসে প্রাপ্ত	চলতি মাসে পিইসি/এসপিইসি সম্পন্ন	ইআরডিতে প্রেরণ	মন্ত্রণালয়ে প্রেরণ	একনেকে প্রেরণ	মন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদন	মোট
ভৌত অবকাঠামো বিভাগ	১৪২	০৩	০০	০০	০১	০০	০০	০০	০০	০০	০০
কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ	৫৫	০১	০০	০২	০০	০০	০০	০১	০০	০০	০১
আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ	৫১	০৩	০৪	০০	০০	০০	০০	০০	০০	০০	০০
শিল্প ও শক্তি বিভাগ	২৯	০০	০২	০৩	০৪	০৩	০০	০৪	০০	০১	০৫
মোটঃ	২৭৭	০৭	০৬	০৫	০৫	০৩	০০	০৫	০০	০১	০৬

৪.০ শূন্য পদ পূরণ সংক্রান্ত আলোচনাঃ

আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
শূন্য পদ পূরণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, পরিকল্পনা বিভাগের ৩য় শ্রেণীর ৭টি ক্যাটাগরীর ৪৭টি শূন্য পদ পূরণের নিমিত্ত গত এপ্রিল/২০১৮ মাসে বিভাগীয় নির্বাচন কমিটির (DPC) সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যগণ কোটা সংক্রান্ত প্রজ্ঞাপন জারী না হওয়া পর্যন্ত অপেক্ষা করার পক্ষে মতামত প্রদান করেছেন। তিনি বলেন যে, কোটা সংক্রান্ত বিষয়টি স্পষ্ট না হওয়ার আগেই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করতে গেলে বর্তমান কোটা পদ্ধতি অনুসরণ করতে হবে এবং ভবিষ্যতে জেলা কোটা ও অন্যান্য কোটা বাতিল হলে সমস্যায় পড়তে হবে। তাই অপেক্ষা করাটাই শ্রেয় হবে মর্মে তিনি সভাপতিকে জানান। সভাপতি বলেন যে, কোটা সংক্রান্ত বিষয়টি আগামী কিছুদিনের মধ্যেই স্পষ্ট হয়ে যাবে। তাই প্রজ্ঞাপন জারী না হওয়া পর্যন্ত অপেক্ষা করা সমীচীন হবে। এ বিষয়ে সভায় ঐক্যমত পোষণ করা হয়। NAPD এর প্রতিনিধি সভাকে জানান যে, NAPD তে ইতোমধ্যে ৮জন কর্মচারীকে নিয়োগ প্রদান করা হয়েছে এবং তারা যোগদান করেছে। তাছাড়া ৪টি ক্যাটাগরির ৬টি পদে নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে। BIDS –এর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, BIDS এর ২য় শ্রেণীর পদে ২জন এবং ৩য় শ্রেণীর পদে ৫জন কর্মকর্তা/কর্মচারীকে নিয়োগ প্রদান করা হয়েছে।	কোটা সংক্রান্ত প্রজ্ঞাপন জারীর পর পরিকল্পনা বিভাগের শূন্য পদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে। NAPD এর চলমান নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। BIDS এর অন্যান্য শূন্য পদ পূরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মহাপরিচালক এনএপিডি/বিআইডিএস, অতিরিক্ত সচিব-১ পরিকল্পনা বিভাগ এবং যুগ্মসচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৫.০ অডিট আপত্তি সংক্রান্ত তথ্যাদিঃ

মন্ত্রণালয় /সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়কারী
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
পরিকল্পনা বিভাগ	০৮	২১.১৯	পরিকল্পনা বিভাগের অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ০৮টি এবং জড়িত টাকার পরিমাণ ২১.১৯ লক্ষ টাকা। উক্ত অনিষ্পন্ন অডিট আপত্তির বিষয় সংশ্লিষ্ট শাখার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাদের নিয়ে গত ২৫-০১-২০১৮ খ্রিঃ তারিখে অতিরিক্ত সচিব (বাজেট) এর সভাপতিত্বে একটি সভা হয়। উক্ত সভার মর্মানুযায়ী ১৯৯৪-৯৫ সালের অডিট আপত্তিতে উত্থাপিত ভ্যাট বাবদ =১০,০৭২/৫০ টাকা ও ২০০৮-২০১৬ সালের অডিট আপত্তিতে উত্থাপিত আয়কর বাবদ =২৮,৩৫৫ টাকার দুইটি আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে গত ২৫-০৪-২০১৮ খ্রিঃ তারিখ মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকাকে পত্র দেওয়া হয়েছে।	স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ করে ২টি আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অতিরিক্ত সচিব (বাজেট) পরিকল্পনা বিভাগ ও হিসাবরক্ষণ কর্মকর্তা পরিকল্পনা বিভাগ।
পরিকল্পনা বিভাগ-এর আওতাধীন প্রকল্পসমূহ	৩৮	FAPAD হতে টাকার পরিমান জানা যায়নি।	FAPAD এর অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৩৮ টি। আপত্তি নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত আছে। সভায় চলমান প্রকল্পসমূহের বিষয়ে অডিট কার্যক্রম সম্পন্ন করার জন্য প্রকল্প পরিচালকদেরকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়। তাছাড়া অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে অনুরোধ করা হয়।	যেসকল সমাপ্ত প্রকল্পের অনিষ্পন্ন অডিট আপত্তির তথ্যাদি আগে পাওয়া যাবে তা নিয়ে সভা আহবান করে আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে। চলমান প্রকল্পসমূহের বিষয়ে অডিট কার্যক্রম সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	প্রধান (সকল) পরিকল্পনা কমিশন এবং উপপ্রধান পরিকল্পনা শাখা ও প্রকল্প পরিচালক (সকল) পরিকল্পনা বিভাগ/কমিশন
বিআইডিএস	৩৮	৩৫০.৪৭	বিআইডিএস-এর অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৩৮টি এবং জড়িত টাকার পরিমাণ ৩৫০.৪৭ লক্ষ টাকা। আপত্তি নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত আছে। বিআইডিএস এর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, আগামী ১৫ দিনের মধ্যে বেশ কিছু সংখ্যক অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির সম্ভাবনা রয়েছে। এ লক্ষ্যে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে।	স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ করে অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মহাপরিচালক বিআইডিএস

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

মন্ত্রণালয় /সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়কারী
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
এনএপিডি	০২	৫.৪৪	বর্তমানে এনএপিডি এর অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ২টি এবং জড়িত টাকার পরিমাণ ৫.৪৪ লক্ষ টাকা। অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত আছে।	অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	মহাপরিচালক এনএপিডি

৬.০ শাখা ভিত্তিক অনিষ্পন্ন কাজসমূহ পর্যালোচনাঃ

আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
যুগ্মসচিব (সমন্বয়) বলেন যে, পরিকল্পনা বিভাগ এবং কমিশনে কোন কাজ দীর্ঘ দিন ধরে পেন্ডিং নেই।	শাখা ভিত্তিক অনিষ্পন্ন কাজসমূহের তালিকা প্রতি মাসের ০৩ তারিখের মধ্যে সমন্বয় অধিশাখায় প্রেরণ করতে হবে।	পরিকল্পনা বিভাগ/কমিশনের সকল শাখা/অধিশাখা

৭.০ ই-ফাইলিং সংক্রান্ত পর্যালোচনাঃ

আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
(ক) সিনিয়র প্রোগ্রামার সভাকে জানান যে, গত ০১-৩০ এপ্রিল/২০১৮ মাসের প্রতিবেদন অনুযায়ী ৫৮টি মন্ত্রণালয়/বিভাগের মধ্যে পরিকল্পনা বিভাগের অবস্থান ১৯তম। গত মার্চ/২০১৮ মাসে এ বিভাগের অবস্থান ছিল ১৩তম। তাছাড়া পরিকল্পনা কমিশনের অবস্থানের কিছুটা উন্নতি হয়েছে। ০১-৩০ এপ্রিল/২০১৮ এর ই-নথি এর প্রতিবেদনে পরিকল্পনা কমিশনের অবস্থান ১২২ তম। যা গত মার্চ/২০১৮ মাসে ছিল ১৩২ -এ। সভাপতি পরিকল্পনা বিভাগে ই-নথিতে কাঙ্খিত মাত্রায় কার্যক্রম না হওয়ার কারণ জানতে চাইলে সিনিয়র প্রোগ্রামার জানান যে, কতিপয় শাখা/অধিশাখা ব্যতিত অধিকাংশ শাখা/অধিশাখা হতে ই- নথিতে নথি উপস্থান, পত্র জারী করা হয় না। ফলে যেসকল শাখা হতে নিয়মিত ই-নথিতে কার্যক্রম গ্রহণ করা হয় সেসকল শাখা/অধিশাখা কোন কারণে ই-নথিতে কার্যক্রম কম গ্রহণ করলে ই-নথি এর গতি কমে যায়। তাই তিনি সকল শাখা/অধিশাখায় ই-নথিতে কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করেন। সভাপতি সকলকেই ই-ফাইলিং নথি ব্যবস্থাপনার জন্য অনুরোধ করেন।	(ক) যে সকল শাখা/অধিশাখা ই-ফাইলিং এ নথি ব্যবস্থাপনা তুলনামূলক কম করে বা করে না সে সকল শাখা/অধিশাখাকে ই-ফাইলিং নথি ব্যবস্থাপনায় মনোযোগী হতে হবে।	সকল শাখা/অধিশাখা/সেল/ অনুবিভাগ পরিকল্পনা বিভাগ/কমিশন।
(খ) যুগ্মপ্রধান (আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ) বলেন যে, উপপ্রধানদের ই-ফাইলিং বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন। সভাপতি উপসচিব (পিটি) কে প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।	(খ) উপপ্রধানদের ই-ফাইলিং সংক্রান্ত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপসচিব (পিটি) পরিকল্পনা বিভাগ

৮.০ বিভাগীয় মামলা সংক্রান্ত পর্যালোচনাঃ

আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
পরিকল্পনা বিভাগের প্রশাসন অধিশাখা-১ এ ৩টি, প্রশাসন শাখা-২ এ ১টি এবং প্রশাসন অধিশাখা-৪ এ ১টি বিভাগীয় মামলা চালু আছে।	বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে।	যুগ্ম-সচিব (প্রশাসন/প্রশাসন-৪) পরিকল্পনা বিভাগ।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৯.০ অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত তথ্যাদিঃ

আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
পরিকল্পনা বিভাগের যুগ্মসচিব (সমন্বয়) সভাকে অবহিত করেন যে, অত্র বিভাগে কোন অভিযোগ পাওয়া যায়নি। তাছাড়া আওতাধীন সংস্থা হতেও অভিযোগ সংক্রান্ত তথ্য পাওয়া যায়নি।	কোন অভিযোগ পাওয়া গেলে তা নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মহাপরিচালক, এনএপিডি/বিআইডিএস ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা পরিকল্পনা বিভাগ

১০.০ বিবিধঃ

আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১০.১ Project Planning System (PPS) – Software ব্যবহার করে প্রকল্প দলিল দাখিল সংক্রান্ত আলোচনা:		
Project Planning System (PPS) – Software প্রসংগে IDE প্রকল্পের প্রকল্প পরিচালক বলেন যে, স্থানীয় সরকার বিভাগের প্রকল্পসমূহের সাথে পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগ, কৃষি পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ এবং আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ জড়িত। তাই এই চারটি বিভাগে স্থানীয় সরকার বিভাগের যে সকল প্রকল্প প্রস্তাবনা প্রেরণ করা হয় সেগুলো PPS Software ব্যবহার করে সংশ্লিষ্ট সেক্টর/ডিভিশনে প্রেরণ করা হয়েছে কি না তা পরীক্ষা করার জন্য তিনি সংশ্লিষ্টদের অনুরোধ করেন। PPS Software ব্যবহার করে প্রকল্প প্রস্তাবনা প্রেরণ না করা হয়ে থাকলে প্রেরণের নিমিত্ত তাগিদ দেওয়ার জন্যও তিনি অনুরোধ করেন।	স্থানীয় সরকার বিভাগ হতে প্রেরিত প্রকল্প প্রস্তাবনাসমূহ PPS Software ব্যবহার করেও প্রেরণ করা হয়েছে কি না তা পরীক্ষা করতে হবে এবং প্রয়োজনে প্রেরিত প্রকল্প প্রস্তাবনাসমূহ PPS Software এর মাধ্যমে প্রেরণের জন্য তাগিদ দিতে হবে।	প্রধান ভৌত অবকাঠামো বিভাগ/আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ/কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ পরিকল্পনা কমিশন, এবং প্রকল্প পরিচালক IDE প্রকল্প পরিকল্পনা বিভাগ।
১০.২ পরিকল্পনা কমিশন চত্বরে সোনালী ব্যাংক লিঃ এর ATM বুথ খোলা সংক্রান্ত আলোচনাঃ		
পরিকল্পনা কমিশন চত্বরে সোনালী ব্যাংক লিমিটেড এর ATM বুথে কোন কোন ব্যাংকের কার্ড ব্যবহার করে টাকা উত্তোলন করা যাবে এ সংক্রান্ত আলোচনায় যুগ্মসচিব (প্রশাসন) বলেন যে, এ বিষয়ে ডিজিএম এর সাথে আলোচনা হয়েছে। তিনি জানিয়েছে যে, ১০/১২ টি ব্যাংক এর সাথে সোনালী ব্যাংক লিমিটেডের MoU রয়েছে। যে সকল ব্যাংকসমূহের সাথে সোনালী ব্যাংক লিমিটেড এর MoU রয়েছে কেবল সেসকল ব্যাংক এর কার্ড ব্যবহার করে উক্ত ATM বুথ হতে টাকা উত্তোলন করা যাবে। সভায় এ সংক্রান্ত বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় পরিকল্পনা কমিশন চত্বরে সোনালী ব্যাংক লিমিটেড এর ATM বুথ স্থাপনের বিষয়ে ঐক্যমত পোষণ করা হয়।	পরিকল্পনা কমিশন চত্বরে সোনালী ব্যাংক লিমিটেড এর ATM বুথ স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপসচিব (সাধারণ অধিশাখা-২) পরিকল্পনা বিভাগ।
১০.৩ নতুন পদ সৃজন সম্পর্কিত আলোচনা:		
যুগ্মসচিব (প্রশাসন) বলেন যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের query অনুযায়ী পদ সৃজন সংক্রান্ত তথ্যাদি প্রস্তুত করা হয়েছে। তথ্যাদি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করে যোগাযোগ করে তা অচিরেই অনুমোদনের ব্যবস্থা করা হবে।	প্রস্তুতকৃত জবাবটি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	যুগ্মসচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১০.৪ Internet এর গতি সংক্রান্ত আলোচনা:		
পরিকল্পনা কমিশন চত্বরে Internet এর গতির বিষয়ে উপসচিব (সাধারণ অধিশাখা-২) সভাকে জানান যে, BTCL হতে ২৪০ Mbps ব্যান্ডউইথ গতি সম্পন্ন Internet সংযোগ গ্রহণ করা হলেও কাঙ্খিত গতি পাওয়া যায় না। তাই ১৫ দিনের ডাটাসহ BTCL বরাবর পত্র প্রেরণ করে নির্ধারিত গতির ইন্টারনেট সুবিধা প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে। সভাপতি বেসরকারি প্রতিষ্ঠান হতে Internet সংযোগ গ্রহণের বিষয়ের অগ্রগতি জানতে চাইলে উপসচিব (সাধারণ অধিশাখা-২) বলেন যে, নীতিমালা মোতাবেক বেসরকারি প্রতিষ্ঠান হতে Internet সংযোগ গ্রহণ করার ক্ষেত্রে BTCL হতে NOC সংগ্রহ করতে হবে। সভাপতি BTCL এর Internet এর ক্ষেত্রে নির্ধারিত গতি পাওয়া যাচ্ছে না বিষয়ে তথ্যাদিসহ সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ বরাবর পত্র লিখতে হবে। BTCL কে NOC প্রদানের বিষয়ে পত্র দিতে হবে।	২৪০ Mbps ব্যান্ডউইথ গতি সম্পন্ন Internet সংযোগের বিপরীতে প্রাপ্ত গতির ১৫ দিনের ডাটাসহ সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ বরাবর নির্ধারিত গতি প্রদানের জন্য পত্র দিতে হবে। তাছাড়া বেসরকারি প্রতিষ্ঠান হতে Internet সংযোগ গ্রহণের জন্য BTCL হতে NOC সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপসচিব সাধারণ অধিশাখা-২ পরিকল্পনা বিভাগ
১০.৫ আর্থিং স্থাপন সংক্রান্ত আলোচনা:		
যুগ্মসচিব (প্রশাসন) বলেন যে, পরিকল্পনা কমিশনের ১৩ নং ব্লকে ডাটা সেন্টার বিগত ০৯ বছর ধরে স্থাপন করা হয়েছে। কিন্তু উক্ত ভবনে আর্থিং ব্যবস্থা না থাকায় বৈদ্যুতিক ত্রুটি সৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে। সভাপতি এ বিষয়ে গণপূর্ত বিভাগের প্রতিনিধির নিকট জানতে চাইলে উপস্থিত প্রতিনিধি জানান যে, এনইসি ভবনে আর্থিং রয়েছে এবং অন্যান্য ভবনে আর্থিং স্থাপনের পরিকল্পনা আছে। সভাপতি পরিকল্পনা কমিশন চত্বরের সকল ভবনে আর্থিং স্থাপনের জন্য অনুরোধ করেন।	পরিকল্পনা কমিশন চত্বরের সকল ভবনে বৈদ্যুতিক নিরাপত্তার জন্য আর্থিং স্থাপন করতে হবে।	নির্বাহী প্রকৌশলী ই/এম-৭ গণপূর্ত বিভাগ শেরেবাংলা নগর
১০.৬ মাসিক সমন্বয় সভার তারিখ নির্ধারণ সংক্রান্ত আলোচনা:		
যুগ্মসচিব (প্রশাসন) সভাপতির দৃষ্টি আকর্ষণপূর্বক জানান যে, পরিকল্পনা বিভাগের মাসিক সমন্বয় সভার একটি নির্দিষ্ট দিন অথবা তারিখ নির্ধারণ করা থাকলে ভাল হয়। ফলে উক্ত তারিখ বা দিনে অন্যান্য সভার জন্য এনইসি-১ কমিটি কক্ষ প্রদান করা হবে না। তাছাড়া সকলেই আগাম জানতে পারবে যে প্রতি মাসের এই তারিখ বা দিনে মাসিক সমন্বয় সভা হবে। সভাপতি বলেন যে, প্রতি মাসের দ্বিতীয় রবিবার মাসিক সমন্বয় সভা করা যেতে পারে।	প্রতি মাসের দ্বিতীয় রবিবার দিন মাসিক সমন্বয় সভা আহবান করার দিন ধার্য্য করা হলো।	যুগ্মসচিব (সমন্বয়) পরিকল্পনা বিভাগ
১০.৭ জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত আলোচনা:		
যুগ্মসচিব (সমন্বয়) সভাকে জানান যে, পরিকল্পনা কমিশিনের কোন বিভাগ হতে জাতীয় শুদ্ধাচার পুরস্কার, ২০১৮ এর জন্য মনোনীত কর্মকর্তা-কর্মচারীর নাম এবং শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা পাওয়া যায়নি। সভাপতি বিভিন্ন বিভাগের কর্মকর্তার নিকট এ বিষয়ে অগ্রগতি জানতে চাইলে সকলেই এ বিষয়ে কমিটি গঠন করা হয়েছে বা কার্যক্রম গ্রহণ করবেন মর্মে জানান। সভাপতি বিষয়টি দ্রুত সমাধানের জন্য আন্তরিক সহযোগিতা কামনা করেন।	জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা প্রণয়নপূর্বক শুদ্ধাচার পুরস্কার, ২০১৮ এর জন্য মনোনীত কর্মকর্তা-কর্মচারীদের নাম দ্রুত এ বিভাগে প্রেরণ করতে হবে।	প্রধান (সকল) পরিকল্পনা কমিশন

আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১০.৮ বৈদেশিক প্রশিক্ষণে গমণকারী কর্মকর্তার প্রশিক্ষণলব্দ অভিজ্ঞতা মাসিক সমন্বয় সভায় উপস্থাপন সংক্রান্ত আলোচনাঃ		
সভাপতি বলেন যে, পরিকল্পনা বিভাগ হতে জারীকৃত জি. ও এর মাধ্যমে বৈদেশিক প্রশিক্ষণে অংশ গ্রহণকারী কর্মকর্তাগণ প্রশিক্ষণ সমাপ্তির পরবর্তী মাসের সমন্বয় সভায় একটি ৫/৬ মিনিটের উপস্থাপনা পেশ করার কথা থাকলেও তা নিয়মিতভাবে হচ্ছে না। তাই তিনি পিটি শাখার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাকে বিদেশ গমণকারী কোন দল সমন্বয় সভায় উপস্থাপনা করবে তা জানিয়ে সমন্বয় অধিশাখায় পত্র প্রেরণের অনুরোধ করেন।	সমন্বয় সভায় কোন বিদেশগামী প্রতিনিধি দল ৫/৬ মিনিটের উপস্থাপনা করবে তার নাম, বিষয় তথ্যাদি জানিয়ে সমন্বয় অধিশাখায় পত্র দিতে হবে এবং এ বিষয়ে প্রস্তুতি নিয়ে আসার জন্য সংশ্লিষ্ট গ্রুপকে বলে দিতে হবে।	সকল কর্মকর্তা পরিকল্পনা বিভাগ/কমিশন

১১.০ আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-১৭-০৫-২০১৮ খ্রিঃ
(মোঃ জিয়াউল ইসলাম)
সচিব
পরিকল্পনা বিভাগ, ঢাকা।

নং- ২০.০০.০০০০.৩৩২.০৬.০৫৩.১১-(অংশ-১)-২১৮

তারিখঃ ০৩ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ
১৭ মে, ২০১৮ খ্রিষ্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, নীলক্ষেত, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৩. প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, ই-১৭, আগারগাঁও, ঢাকা।
৫. যুগ্মসচিব (সকল),পরিকল্পনা বিভাগ , ঢাকা।
৬. যুগ্মপ্রধান (সকল), পরিকল্পনা বিভাগ/ পরিকল্পনা কমিশন, ঢাকা।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা
৮. উপসচিব (সকল) পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
৯. উপপ্রধান, একনেক/পরিকল্পনা শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১০. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা
১১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা (**Website** এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ)
১২. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, সচিবালয় ভবন, ফেজ-৩, সেগুনবাগিচা, ঢাকা।
১৩. নির্বাহী প্রকৌশলী ইএম বিভাগ-৭ গণপূর্ত বিভাগ/নির্বাহী প্রকৌশলী গণপূর্ত উপ-বিভাগ-২, শেরেবাংলা নগর, ঢাকা।
১৪. সিনিয়র সহকারী সচিব (সকল)/ সহকারী সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৫. সচিব মহোদয়ের একান্ত সচিব/সদস্য মহোদয়ের একান্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ/পরিকল্পনা কমিশন, ঢাকা।
১৬. সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৭. উপ-বিভাগীয় প্রকৌশলী (গণপূর্ত উপ-বিভাগ-৩/ ইএম উপ-বিভাগ-১৪), শেরেবাংলা নগর, ঢাকা।
১৮. উপ-বিভাগীয় কর্মকর্তা, আরবরিকালচার, গণপূর্ত উপ-বিভাগ, আসাদগেট, শেরেবাংলা নগর, ঢাকা।
১৯. সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২০. জনসংযোগ কর্মকর্তা, মাননীয় মন্ত্রীর দপ্তর, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
২১. প্রোগ্রামার/মেইনটেইন্যান্স ইঞ্জিনিয়ার/সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২২. বাজেট অফিসার/হিসাবরক্ষণ কর্মকর্তা/লাইব্রেরী অফিসার/গবেষণা কর্মকর্তা (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২৩. উপ-সহকারী প্রকৌশলী (ফোনস), বিটিসিএল, পরিকল্পনা কমিশন চত্বর, শেরেবাংলা নগর, ঢাকা।
২৪. মেডিকেল অফিসার, স্বাস্থ্য কেন্দ্র/ পুলিশ ইনচার্জ, পরিকল্পনা কমিশন চত্বর, শেরেবাংলা নগর, ঢাকা।

১৭.৫.২০১৮
(শ্যামল কুমার সিংহ)
যুগ্মসচিব